



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ২৫/০৩/২০১৭খ্রি:

২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আলোচনা সভা, প্রামাণ্য চিত্র প্রদর্শন ও প্রদীপ প্রজ্জ্বলন

২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। স্বাধীনতার দীর্ঘ ৪৬ বছর পর বাংলাদেশে এক নতুন ইতিহাস রচিত হয়েছে। ১৯৭১ সালের ২৫ মার্চ বর্বর পাকিস্তানী সেনাবাহিনী কর্তৃক সংগঠিত হত্যাকাণ্ডের দিনটি এই প্রথমবারের মত জাতীয় ভাবে গণহত্যা দিবস হিসেবে পালিত হচ্ছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এর সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে বিকাল ৪ টায় অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। এ সময় মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ মূলক বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা সার্জেন্ট (অব:) মো. আবদুস সাত্তার বীর উত্তম এবং শহীদ মাতা ও যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা রাবেয়া খাতুন। সভাপতির বক্তব্যে উপাচার্য মহোদয় ২৫ মার্চ কে জাতীয় ভাবে গণহত্যা দিবস হিসেবে ঘোষণা করায় মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা দেশরত্ন শেখ হাসিনা, স্পিকার শিরীন শারমিন চৌধুরী এবং ১৪ তম জাতীয় সংসদের সকল সংসদ সদস্যকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জ্ঞাপন করেন। উপাচার্য মহোদয় আশা প্রকাশ করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই গণহত্যা দিবসকে আন্তর্জাতিক ভাবে পালনের লক্ষ্যে জাতিসংঘের স্বীকৃতি আদায়ে সফলকাম হবেন। তিনি আরও বলেন, নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের কাহিনী গুনানো আমাদের কর্তব্য। ৭৫ এর পরে যারা ২১ বছর ক্ষমতায় ছিল তারা তৎকালীন প্রজন্মকে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানায়নি। যারা বঙ্গবন্ধুর খুনিদের বিভিন্ন ভাবে পুরস্কৃত করেছে, তাদের কাছ থেকে সঠিক ইতিহাস আশা করা ভুল। উপাচার্য মহোদয় আরও বলেন ধর্মের নামে মানুষ হত্যা কোন ধর্মেই সমর্থন করে না। আর এই ধর্মের নাম করেই ২৫ মার্চ বর্বর পাকিস্তানী বাহিনী ইতিহাসের এই জঘন্যতম গণহত্যা চালিয়েছে। তাই আজকের এই দিনে আমাদের শপথ হোক আমরা যেমন পাকিস্তানী পন্য বর্জন করবো ঠিক তেমনই পাকিস্তানের কোন বিষয় সমর্থন করবো না। আমন্ত্রিত মুক্তিযোদ্ধাদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনাদের যে কোন প্রয়োজনে আমাকে পাশে পাবেন। আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, প্রক্টর, প্রভোস্টবন্দ, বিভাগীয় প্রধানগণ, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবন্দ, দপ্তর প্রধানগণ, কর্মকর্তাবন্দ, বরিশাল বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক, শিক্ষক সমিতির নেতৃবন্দ, সেক্টর কমান্ডারস ফোরাম-মুক্তিযুদ্ধ ৭১ ববি শাখার নেতৃবন্দ, ৩য় ও ৪র্থ শ্রেণি কর্মচারীবন্দ। আলোচনা সভা শেষে মুক্তিযুদ্ধের উপর নির্মিত একটি প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম। এছাড়া ২৫ মার্চের কালরাত্রি স্মরণ করে শহীদদের উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারে প্রদীপ প্রজ্জ্বলন কর্মসূচি পালন করা হয়। এতে উপাচার্য মহোদয়ের নেতৃত্বে বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবার অংশ নেয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)